ইনটেক চ্যানেল	Intake Chanel

প্রধান পাম্প	Main Pump

প্রধান খাল	Main Canal

গঙ্গা কপোতাক্ষ সেচ প্রকল্প

GANGES KOBADAK (GK) IRRIGATION PROJECT

প্রধান পাম্প হাউজ — Main Pump House

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

BANGLADESH WATER DEVELOPMENT BOARD





গঙ্গা কপোতাক্ষ সেচ প্রকল্প

অবস্থান ঃ

কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ ও মাগুরা জেলার ১৩টি উপজেলা নিয়ে প্রকল্প অবস্থিত। প্রকল্পের উত্তরে পদ্মা ও গড়াই, পূর্বে গড়াই ও মধুমতি, দক্ষিণে নবগঙ্গা এবং পশ্চিমে মাথাভাঙ্গা নদী অবস্থিত।

এলাকা ঃ

প্রকল্পের আওতাধীন মোট জমির পরিমাণ ১,৯৭,৫০০ হেঃ। মূল পরিকল্পনা অনুযায়ী প্রকল্পটিতে দুইটি পর্যায়ে মোট ১,৪২,০০০ হেঃ সেচযোগ্য জমি আওতাভূক্ত ছিল। বর্তমানে ১,১৬,০০০ হেঃ জমিতে সেচ প্রদান করা সম্ভব হইতেছে।

পটভূমি ঃ

বৃহত্তর কুষ্টিয়া ও যশোর জেলার কৃষি উৎপাদন বাড়িয়ে খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জনের সাথে সাথে জনসাধারণেল জীবন যাত্রার মান উন্নয়ন এবং অর্থনৈতিক স্বচ্ছলতা আনয়নের উদ্দেশ্যে ১৯৫৪ সালে গঙ্গা কপোতাক্ষ সেচ প্রকল্প গৃহীত হয়। আধুনিক পদ্ধতিতে সেচের এটাই বাংলাদেশের প্রথম ও সবচেয়ে বড় প্রকল্প। সেচ, নিষ্কাশন ও বন্যা নিয়ন্ত্রণ-এ ত্রিমূখী পরিকল্পনা নিয়েই গঙ্গা কপোতাক্ষ সেচ প্রকল্পের সৃষ্টি। এই প্রকল্পের ১ম পর্যায়ের কাজ ১৯৫৫-৫৬ সাল হতে শুর করে ১৯৬৯-৭০ সালে এবং ২য় পর্যায় ১৯৬০-৬১ সালে শুরু করে ১৯৮২-৮৩ সালে সমাপ্ত করা হয়। উক্ত প্রকল্পের জন্য ২টি পর্যায়ে মোট ৭৩.৮৯ কোটি টাকা ব্যয় করা হয়।

উদ্দেশ্য ও লক্ষ্য ঃ

দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার চাহিদার সাথে সঙ্গতি রেখে একটি সুদৃঢ় অর্থনৈকিত ভীত তৈরী করার লক্ষ্যে কৃষি উৎপাদন বৃদ্ধি প্রকল্পের মূল উদ্দেশ্য। এ প্রকল্পটি মূলতঃ বর্ষা মৌসুমে সম্পূরক সেচ প্রদানের লক্ষ্যে বাস্তবায়ন করা হলেও এখন শুষ্ক মৌসুমেও সেচ প্রদান করার ব্যবস্থা গ্রহণ করা সম্ভব হচ্ছে।

বাস্তবায়নোত্তর সুফল ঃ

ক) সেচ সুবিধা প্রদান ঃ

১৯৬২ সাল হতে এই প্রকল্পের মাধ্যমে সেচ সুবিধা প্রদান কার্যক্রম চালু আছে।

খ) বন্যা নিয়ন্ত্রণ ও ড্রেনেজ ঃ

এই প্রকল্পের ৩৯ কিমি বন্যা নিয়ন্ত্রণ বাঁধ নির্মাণ করে প্রকল্পটি বন্যার হাত হতে মুক্ত রাখা সম্ভব হয়েছে। এ ছাড়া ড্রেনেজের মাধ্যমে পানি নিষ্কাশনের সু ব্যবস্থা করা হয়েছে।

গ) উৎপাদন বৃদ্ধি ঃ

এ প্রকল্প বাস্তবায়নের পূর্বে এ এলাকার উৎপাদন খুবই অল্প থাকায় প্রকল্প বাস্তবায়নের পর বিভিন্ন বৎসরে সেচের এলাকা বৃদ্ধির একটি চিত্র নিম্নে প্রদত্ত হল ঃ

প্রকল্পের বার্ষিক সেচ সাফল্য

বৎসর	আমন (হেক্টর)	আউশ (হেক্টর)	মোট (হেক্টর)
২০০১-২০০২	৫২০০০	১৪৮৮১	৬৬৮৮১
২০০২-২০০৩	৫২০০০	১৫৩৮৫	৬৭৩৮৫
২০০৩-২০০৪	৫২০০০	১৫৫২৩	৬৭৫২৩
২০০৪-২০০৫	৫১৯০২	১৭২২৩	৬৯১২৫
২০০৫-২০০৬	৪৫৬২৬	১৬৪৫০	৬২০৭৬
২০০৬-২০০৭	৫২৭৫০	১৮৯০০	৭১৬৫০
২০০৭-২০০৮	৬৯৮০০	২৪২০০	৯৪০০০
২০০৮-২০০৯	৭৮৬৯৪	২৬৫০০	১০৫১৯৪
গড়	৫৬৮৪৭	১৮৬৩৩	৭৫৪৭৯

উপরোক্ত অবস্থায় এ প্রকল্প এলাকা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় উৎপাদন বৃদ্ধির ফলে খাদ্যে স্বয়ং সম্পূর্ণতা অর্জনে বিশেষ অবদান রাখছে।

ঘ) আয় ও কর্মসংস্থান ঃ

এ প্রকল্প বাস্তবায়নের ফলে এলাকায় প্রচুর রাস্তাঘাট সংস্কারসহ বিভিন্নমুখী উন্নয়নের ফলে কর্মসংস্থান সৃষ্টি হয় এবং ব্যাপক খাদ্য শস্য উৎপাদনের ফলে কৃষিতে আয় বৃদ্ধি পায়। ফলে এলাকার অর্থনৈতিক উন্নতি ঘটেছে। কিন্তু এলাকার সুফলভোগী জনগণ সেচ সার্ভিস চার্জ প্রদানে তেমন আগ্রহী নয়। এ বিষয়ে জনসচেতনতা প্রয়োজন।

ঙ) পরিবেশগত উন্নয়ন ঃ

এ প্রকল্প বাস্তবায়নের ফলে প্রকল্পের নির্মিত বিভিন্ন খালের পাড়ে বৃক্ষ রোপন করায় পরিবেশগত ভারসাম্য রক্ষা করা সম্ভব হয়েছে এবং প্রকল্পের বোরোপিট এরিয়ায় মৎস্য চাষের উন্নতির ফলে স্থানীয় বাজারে মাছের আমদানী হওয়ায় এলাকার প্রোটিনেরও পর্যাপ্ত যোগান দেওয়া সম্ভব হচ্ছে।

বার্ষিক পরিচালন ও রক্ষণাবেক্ষণ ব্যয় ঃ

প্রকল্পটির বার্ষিক পরিচালনা ও রক্ষণাবেক্ষণ এর জন্য মাত্র ১৫ কোটি টাকা পাওয়া যায় যা সাধারনত চাহিদার তুলনায় কম। প্রকল্পের পরিচালন ও রক্ষণাবেক্ষণ এর জন্য আরো অর্থ বরাদ্দ বৃদ্ধি করা প্রয়োজন।

এক নজরে জি.কে. সেচ প্রকল্প

১।	প্রকল্প এলাকা		ঃ ১,৯৭,৫০০ হেক্টর
২।	অবস্থান	ক) জেলা	ঃ ৪টি (কুষ্টিয়া, চুয়াডাঙ্গা, ঝিনাইদহ, মাগুরা)
		খ) থানা	ঃ ১৩টি (কুষ্টিয়া, কুমারখালী, খোকসা, মিরপুর, ভেড়ামারা, দৌলতপুর, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা, হরিণাকুন্ড, ঝিনাইদহ, শৈলকুপা, মাগুরা, শ্রীপুর)
		গ) মোট লোক সংখ্যা	ঃ ২৫ লক্ষ
		ঘ) খামার মালিকানা	ঃ ১.৫০ লক্ষ
৩।	সেচযোগ্য জমি		ঃ ১,১৬,০০০ হেক্টর
৪।	প্রকল্প বাস্তবায়ন কাল		ঃ
	ক) আরম্ভ		ঃ ১ম পর্যায় ঃ ১৯৫৫-৫৬
			২য় পর্যায় ঃ ১৯৬০-৬১
	খ) সমাপ্তি		ঃ ১ম পর্যায় ঃ ১৯৬৯৮-৭০
			২য় পর্যায় ঃ ১৯৮২-৮৩
৫।	প্রকল্প নির্মাণ ব্যয়	ক) ১ম পর্যায়	ঃ ১৮.৫০ কোটি টাকা
		খ) ২য় পর্যায়	ঃ ৫৫.৩৯ কোটি টাকা
৬।	প্রকল্প পূনর্বাসন ব্যয়		ঃ ২১২.৫৬ কোটি টাকা
৭।	সর্ব প্রথম সেচ প্রদান		ঃ ১৯৬২ সাল
৮।	পাম্প হাউজ		ঃ ২টি
৯।	মোট পানি উত্তোলন ক্ষমতা		ঃ ১৫৩ ঘন মিটার/সেকেন্ড
১০।	বন্যা নিয়ন্ত্রণ বাঁধ		ঃ ৩৯ কিলোমিটার
১১।	ক) প্রধান সেচ খাল		ঃ ১৯৩ কিলোমিটার
	খ) শাখা খাল		ঃ ৪৬৭ কিলোমিটার
	গ) উপ-শাখা খাল		ঃ ৯৯৫ কিলোমিটার
১২।	নিষ্কাশন খাল		ঃ ৯৭১ কিলোমিটার
১৩।	জলকাঠামো		ঃ ২১৮৪টি
১৪।	পরিদর্শন সড়ক		ঃ ২২৮ কিলোমিটার
১৫।	প্রকল্পের বিদ্যুৎ চাহিদা		ঃ ১৪ মেগাওয়াট
১৬।	গ্রীড সাবষ্টেশন		ঃ ১টি
১৭।	সর্ব্বোচ্চ সেচ সাফল্য		ঃ ৯৯১১৭ হেক্টর (আমন)
১৮।	বার্ষিক পরিচালন ব্যয়		ঃ ২৯ কোটি টাকা
১৯।	পরীক্ষামূলক কৃষি খামার		ঃ ১টি (আমলায়)
২০।	সেচ সম্প্রদারণ প্রশিক্ষণ কেন্দ্র		ঃ ১টি (বাড়াদি)
২১।	চাষী ক্লাব		ঃ ৪৯টি
২২।	পানি ব্যবস্থাপনা সমিতি		ঃ ৭৪৯টি
২৩।	থানা কেন্দ্রীয় পানি ব্যবস্থাপনা সমিতি		ঃ ৭টি
২৪।	পানি ব্যবস্থাপনা ফেডারেশন		ঃ ১টি

GANGES KOBADAK (GK) IRRIGATION PROJECT

LOCATION:

The G. K. Irrigation Project area comprises thirteen upazilas of four districts as Kushtia, Chuadanga, Jhenaidah, and Magura. The Project bounded by the Gorai at North and East, the Madhumati in the east; the Naboganga in the South and the Mathabhanga in the West.

AREA:

The total cover area of the Project is 1,97,5 00 hectors, out of which 116,000 hectors are irrigation.

BACKGROUND:

The Project implemented on 1954 to improve quality of life and economic development of the people of the greater Kushtia and Jessore district by achieving self sufficiency in food through increased agricultural Productivity. This is the first and largest irrigation project in Bangladesh with modern technology. Irrigation, drainage and flood control are main target of this Ganges Kobadak irrigation Project.

OBJECTIVES:

The main objective of the project is to increase agricultural productivity consistent with the demand of increasing population in order to make a strong economic foundation. Although the Project has been implemented mainly in order to provide supplementary irrigation in the rainy season, but now-a-days irrigation can be achieved even in the dry season.

PROJECT ACHIEVEMENT:

a) Providing irrigation facilities:

This project is providing Irrigation facilities since 1962.

b) Flood Control & Drainage:

The Project has been kept free from flood by constructing 39 km. flood control embankment for this project.

c) Increasing Production:

The agricultural productivity in this area was very little prior to implementation of this project. A table, comprising the increased irrigation in different years after implementation of the project, has been shown below:

YEARLY IRRIGATION ACHIEVEMENT OF THE PROJECT

Year	Aman (ha)	Aush (ha)	Total (ha)
2001-2002	52000	14881	66881
2002-2003	52000	15385	67385
2003-2004	52000	15523	67523
2004-2005	51902	17223	69125
2005-2006	45626	16450	62076
2006-2007	52750	18900	71650
2007-2008	69800	24200	94000
2008-2009	78694	26500	105194
Average	**56847**	**18633**	**75479**

As per above statement it is apprehended that this project has contributed a lot in achieving self-sufficiency in flood control through increasing irrigation area as well as agricultural productivity.

d) Income and Employment Opportunity:

A large number of communication and social infrastructures have developed in the project area. As a result employment opportunity has been created enormously and per-capita income of the people has also increased. Now the project area has become self-sufficient in food and crop production.

e) Environmental development:

Due to continuous afforestation on the dykes of irrigation canals, the environment in this area has become very friendly.

YEARLY OPERATION AND MAINTENANCE COST:

Generally the allotment of Budget for Operation and Maintenance of the project is only 15.00 crore Taka per year, which is not sufficient to meet up the whole requirement.

G.K. IRRIGATION PROJECT AT A GLANCE

1.	Project Area	:	1,97,500 ha
2.	Location a) District	:	Kushtia, Chuadanga, Jhenaidah & Magura
	b) Upazilla	:	Kushtia, Kumarkhali, Khoksha, Mirpur, Bheramara, Daulatpur, Alamdanga, Chuadanga, Harinakundu, Jhenaidah, Sailakupa, Magura and Sreepur
	c) Population	:	2.5 million
	d) Owner of Land	:	0.15 million
3.	Irrigable Area	:	1,16,000 ha
4.	Implementation Period	:	
	a) Commencement	:	1st Phase: 1955-56 2nd Phase: 1960-61
	b) Completion		1st Phase: 1969-70 2nd Phase: 1982-83
5.	Implementation Cost	:	1st Phase:185 mBDT 2nd Phase: 553.90 mBDT
6.	Rehabilitation of the Project	:	2125.60 mBDT (from 1984-85 to 1992-93)
7.	First Irrigation Started	:	1962
8.	Pump House	:	2 Nos. (Main and Subsidiary)
	a) Main Pump	:	3 units (Ebara Corporation, Japan)
	b) Subsidiary Pump	:	12 units (Stork Pompen, Holland)
	c) Length of Intake Channel	:	705 m
	d) Rehabilitation of Pumps	:	2646.990 m JPY (From 05-06 to 08-09)
9.	Total Discharge Capacity	:	5400 Cusec (153 Cumec)
	a) Main Pump House	:	3900 Cusec (110.52 Cumec)
	b) Subsidiary	:	1500 Cusec (42.50 Cumec)
10.	Flood Control Embankment	:	39 km
11.	Irrigation Canal		
	a) Main Canal (3 Nos)	:	193 km
	b) Secondary Canal (3 Nos)	:	467 km
	c) Tertiary Canal (444 Nos)	:	995 km
12.	Drainage Canal	:	971 km
13.	Hydraulic Structures		2184 Nos
14.	Total no of Outlets		3500 nos
15.	Inspection Road		228 km
16.	Electricity Requirement		14 Mega Watt
17.	Grid Substation		1 No (132/5.5 KV, 20 MVA)
18.	Highest Irrigation Achievement		99,117 ha (Aman) & 42,742 ha (Aus)
19.	Annual O&M Cost	:	Tk. 290 million (Approximately)
20.	Agricultural Labratory	:	1 No
21.	Irrigation Ext. Training Center	:	1 No
22.	O&M Division	:	6 Nos
23.	Farmers' Club	:	49 Nos
24.	Water Management Federation	:	1 No
25.	Water Management Association	:	7 Nos
26.	Water Management Group	:	749 Nos